# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও,শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১(০২).১২/ ৪৬৯

তারিখ: ১৯/১২/২০২৩ খ্রিঃ।

বিষয় : **এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৫৩তম সভার কার্যবিবরণী।**

এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৫৩তম সভা গত ০৭ ডিসেম্বর ২০২৩, সকাল ১১.০০ ঘটিকায় এলজিইডি ভবনের সেমিনার কক্ষে (লেভেল-০৪) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ নূর হোসেন হাওলাদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ এ সংযোজন করা হলো।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা। | সভাপতি জেন্ডার ফোরামের সভায় সবাইকে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান।<br>১.১। পূর্ববর্তী ৫২তম সভার কার্যবিবরণী অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ<br>১.১.১। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, এলজিইডি এবং সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম গত ১১/০৬/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত ফোরামের ৫২তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। বিস্তারিত আলোচনার পর বিগত সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>১.১.২। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত আলোচনাঃ<br>i) যৌন হয়রানি প্রতিরোধ নীতি প্রস্তুতকরত: মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছিল তার বর্তমান অবস্থা সম্বন্ধে সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম জানান, নীতিমালা অনুমোদনের পূর্বে অধিকতর পরীক্ষার জন্য মন্ত্রণালয়ের পলিসি সাপোর্ট ইউনিটে প্রেরণ করা হয়েছে। উক্ত শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ এমদাদুল হক, যুগ্ম সচিব এর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, এলজিইডি প্রতিনিধির সাথে আলোচনাপূর্বক তদানুযায়ী মতামত প্রদান করবেন এবং বৈদেশিক ভ্রমন থেকে ফেরার পর এই বিষয়ে ব্যবস্থা নিবেন।<br>ii) সদস্য-সচিব জানান, এলজিইডির জেন্ডার বিষয়ক কার্যক্রম মনিটরিং এর জন্য প্রস্তুতকৃত GIMS সফটওয়্যার এর পাইলটিং সম্পন্ন হয়েছে। তিনি বলেন, GIMS সফটওয়্যার এ online data এন্ট্রির জন্য ৬৪ জেলায় পত্র দেয়া যেতে পারে। উল্লেখ্য সফটওয়্যার কনসালটেন্ট এর চুক্তির মেয়াদ ইতিমধ্যে অতিক্রম করেছে। ভবিষ্যতে সফটওয়্যারটির আপগ্রেডেশন এবং আউটলুক এর উন্নয়ন প্রয়োজন হবে। যা অন্য টিএ প্রকল্পের সহায়তায় করা যেতে পারে। এ বিষয়ে জনাব শেখ মোহাঃ নূরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী IWRMU (P&D) বলেন, অনেক বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প আছে তাদের থেকে এই বিষয়ে সহায়তা চেয়ে পত্র দেয়া যেতে পারে।<br>iii) এলজিইডি'র প্রত্যেকটি অফিসে নারীবান্ধব কর্মপরিবেশ বজায় আছে কিনা অর্থাৎ নারীদের জন্য আলাদা টয়লেট ও নামাযের ব্যবস্থা আছে কিনা সে বিষয়ে সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, ভোলার নিকট জানতে চাইলে তিনি বলেন সেখানে সকল সুবিধা আছে। পাশাপাশি নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, (যান্ত্রিক) রাজশাহী বিভাগ এর নিকট নারী বান্ধব পরিবেশ আছে কিনা জানতে চাইলে তিনি বলেন নারীদের জন্য সুব্যবস্থার ঘাটতি রয়েছে। এ প্রসংগে সভাপতি বলেন, দাপ্তরিক কোন কাজ না থাকলে সরকার নির্ধারিত সময়ের পর নারী কর্মকর্তা/কর্মচারী অফিস ত্যাগ করতে পারবে। তিনি আরও বলেন নারীদের ফিল্ড ভিজিট বাড়াতে হবে। তবে ফিল্ড ভিজিটে গেলে যানবাহন দিয়ে সহায়তা করতে হবে। নতুন যোগদানকৃত নারী কর্মকর্তা/কর্মচারীদের নারীবান্ধব কর্মপরিবেশ সম্পর্কিত বিষয়ে সভাপতির স্বাক্ষরিত পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়। | সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম |

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ২। আন্তর্জাতিক নারী দিবস' ২০২৪ উদযাপন সংক্রান্ত। | জনাব অনিল চন্দ্র বর্মন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ (ঢাকা) আগামী আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উদ্‌যাপন সম্পর্কে কোন কার্যক্রম আছে কিনা জানতে চান। এ বিষয়ে সদস্য-সচিব জানান, ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উদযাপনের জন্য প্রধান প্রকৌশলী কর্তৃক নির্দেশনা সম্বলিত পত্র জেলা পর্যায়ে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত দিবস উদ্‌যাপনে সদরদপ্তর পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়, যা সফলভাবে বাস্তবায়নের জন্য আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি গঠন করা প্রয়োজন। সে মোতাবেক নিম্নরূপভাবে আন্তর্জাতিক নারী দিবস-২০২৪ উদ্‌যাপন কমিটি গঠন করার প্রস্তাব করা হয়।<br>আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০২৪ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):<br>ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি। — আহ্বায়ক<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন),এলজিইডি। — সদস্য<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা),এলজিইডি। — সদস্য<br>ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ),এলজিইডি। — সদস্য<br>ঙ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (IWRM-P&D),এলজিইডি। — সদস্য<br>চ) প্রকল্প পরিচালক, প্রভাতি, এলজিইডি। — সদস্য<br>ছ) সৈয়দা আসমা খাতুন, প্রকল্প পরিচালক, জেএসপি,এলজিইডি। — সদস্য<br>জ) জনাব হক সুলতানা, প্রকল্প পরিচালক, MCDIRIDP,এলজিইডি। — সদস্য<br>ঝ) প্রকল্প পরিচালক, এসএসএসডব্লিউআরডিপি, এলজিইডি। — সদস্য<br>ঞ) প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি (২য় পর্যায়), এলজিইডি। — সদস্য<br>ট) প্রকল্প পরিচালক, HFMLIP, এলজিইডি। — সদস্য<br>ঠ) নির্বাহী প্রকৌশলী (শৃংখলা ও তদন্ত),এলজিইডি। — সদস্য<br>ড) জনাব মোঃ আতাউর রহমান, নির্বাহী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষন), এলজিইডি। — সদস্য<br>ঢ) জনাব উজ্জ্বল ত্রিপুরা, ডিপিডি, SSWRDP-II (জাইকা),এলজিইডি। — সদস্য<br>ণ) জনাব সোনিয়া নওরিন, নির্বাহী প্রকৌশলী(চ:দা:),প্রকিউরমেন্ট ইউনিট,এলজিইডি। — সদস্য<br>ত) জনাব মৌসুমী সালমিন, নির্বাহী প্রকৌশলী(চ:দা:),প্রশিক্ষণ ইউনিট,এলজিইডি। — সদস্য<br>থ) জনাব আমিনুর রহমান, সিনি:সহ: প্রকৌশলী (আইডব্লিউআরএম),এলজিইডি। — সদস্য<br>দ) জনাব মোঃ আহসান হাবিব, পরামর্শক, এলজিইডি। — সদস্য<br>ধ) সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম,এলজিইডি। — সদস্য-সচিব<br><br>এছাড়া, শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচনের ক্ষেত্রে গতবছর ব্যবহৃত "তথ্য ছক" সকল সদস্য ও সকল প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ এবং ২দিনের মধ্যে ফোরামের ইমেল:gen_forum@lged.gov.bd এ কোনো যৌক্তিক পরিবর্তনের প্রস্তাব / সুপারিশ পাওয়ার ভিত্তিতে পরিবর্তন করে "তথ্য ছক" চূড়ান্ত করা হবে। "তথ্য ছক" চূড়ান্ত করার বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং গত বছরের ন্যায় প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরিত পত্র (তথ্য ছকসহ) জেলা পর্যায়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে জেলা পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরসহ অন্যান্য সংস্থার সাথে সম্মিলিতভাবে দিবসটি উদ্‌যাপনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

নূর
১১।১২।২০
(মোঃ নূর হোসেন হাওলাদার)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ (ঢাকা)।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর পরিকল্পনা ও নগর অবকাঠামো উন্নয়ন), এলজিইডি সদর দপ্তর।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম (পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএমই), এলজিইডি সদর দপ্তর।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার), এলজিইডি সদর দপ্তর।

৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, খুলনা অঞ্চল।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর অঞ্চল।
৮। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি (২য় পর্যায়), এলজিইডি সদর দপ্তর।
৯। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি, এলজিইডি সদর দপ্তর।
১০। প্রকল্প পরিচালক, প্রভাতী, এলজিইডি সদর দপ্তর।
১১। প্রকল্প পরিচালক, জেএসপি, এলজিইডি।
১২। প্রকল্প পরিচালক, সিটিইআইপি, এলজিইডি সদর দপ্তর।
১৩। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর।
১৪। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ডিজাইন (ভবন)।
১৫। জনাব হক সুলতানা, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাননিয়ন্ত্রণ।
১৬। জনাব উজ্জ্বল ত্রিপুরা, উপ-প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি-II (জাইকা), এলজিইডি।
১৭। জনাব সোনিয়া নওরীন, নির্বাহী প্রকৌশলী(চ:দা:), প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি।
১৮। জনাব মোহাম্মদ শফিউল্লাহ, নির্বাহী প্রকৌশলী(চ:দা:), এলজিইডি, পরিকল্পনা ইউনিট।
১৯। জনাব মৌসুমী সালমিন, নির্বাহী প্রকৌশলী (চ:দা:), প্রশিক্ষণ ইউনিট, এলজিইডি।
২০। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা - হবিগঞ্জ।
২১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা - বগুড়া।
২২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফরিদপুর অঞ্চল।
২৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, (যান্ত্রিক) রাজশাহী বিভাগ।
২৪। জনাব মোহাম্মদ খায়রুল বাসার, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, প্রশাসন।
২৫। জনাব তানভীর রশীদ, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, আইসিটি।
২৬। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা।
২৭। জনাব মোঃ বিল্লাল হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, ভোলা।
২৮। জনাব ফারহানা লিমা, সিনিয়র সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর।
২৯। জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী, (আইডব্লিউআরএম), এলজিইডি সদর দপ্তর।
৩০। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বানারীপাড়া, বরিশাল।
৩১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর, জামালপুর।
৩২। জনাব হাসিনা আক্তার, সহকারী প্রকৌশলী, এলজিইডি, রক্ষণাবেক্ষণ ইউনিট।
৩৩। জনাব দিলশাদ জাহান, সহকারী প্রকৌশলী, এলজিইডি, IWRM ইউনিট।
৩৪। জনাব মোছাঃ নিলুফা ইয়াছমিন, সহকারী প্রকৌশলী, এলজিইডি, আম্ফান প্রকল্প।
৩৫। সহকারী প্রকৌশলী, এলজিইডি, রংপুর অঞ্চল।
৩৬। সহকারী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ চট্টগ্রাম।
৩৭। উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, বালাগঞ্জ, সিলেট।
৩৮। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, ত্রিশাল, ময়মনসিংহ।
৩৯। উপ-সহকারী প্রকৌশলী, আইপিসিপি, এলজিইডি।
৪০। কমিউনিটি অরগানাইজার, কুমারখালী, কুষ্টিয়া।
৪১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।